

যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষেধাজ্ঞার আওতায় ৪১ দেশের নাগরিক

- A Monitor Desk Report

Date: 15 March, 2025



ওয়াশিংটন ডিসি : বিশ্বের ৪১ দেশ থেকে যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপের পরিকল্পনা করছে যুক্তরাষ্ট্র প্রশাসন। বিষয়টির সঙ্গে পরিচিত সূত্র এবং বার্তা সংস্থার হাতে আসা অভ্যন্তরীণ এক মেমোর বরাতে এই সংবাদ প্রকাশ করা হয়েছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, সম্পূর্ণ নিষেধাজ্ঞায় পড়তে যাচ্ছে আফগানিস্তান, ইরান, সিরিয়া, কিউবা ও উত্তর কোরিয়াসহ অন্তত ১০টি দেশ।

প্রতিবেদনে বলা হয়, দ্বিতীয় ভাগে বা আংশিক নিষেধাজ্ঞার মুখে থাকা দেশগুলো হলো ইরিত্রিয়া, হাইতি, লাওস, মিয়ানমার ও দক্ষিণ সুদান। এই ভাগের দেশগুলোর ক্ষেত্রে ভ্রমণ ও শিক্ষার্থী ভিসার পাশাপাশি অন্যান্য অভিবাসী ভিসার ওপরও নিষেধাজ্ঞা থাকবে। তবে কিছু ব্যতিক্রমও থাকবে।

তৃতীয় ভাগে তালিকায় রয়েছে ২৬টি দেশ। এই দেশগুলোর মধ্যে রয়েছে- বেলারুশ, পাকিস্তান ও তুর্কমেনিস্তান-সহ মোট ২৬টি দেশ। এসব দেশের নাগরিকদের মার্কিন ভিসা আংশিকভাবে স্থগিত করা হতে পারে। তবে দেশগুলো যদি ৬০ দিনের মধ্যে ভিসা যাচাই-বাছাই প্রক্রিয়ার ঘাটতি দূর করতে কার্যকর ব্যবস্থা নেয়, তাহলে নিষেধাজ্ঞা পুনর্বিবেচনা করা হবে।

নাম প্রকাশ না করার শর্তে এক মার্কিন কর্মকর্তা জানান, এই তালিকা পরিবর্তন হতে পারে। এটি এখনও মার্কিন প্রশাসনের সর্বোচ্চ পর্যায়ে অনুমোদন দেওয়া হয়নি। এর জন্য পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সম্মতিও প্রয়োজন।

মার্কিন পররাষ্ট্র দফতর এ বিষয়ে আনুষ্ঠানিক কোনও মন্তব্য করেনি।

মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প তার প্রথম মেয়াদে ২০১৭ সালে সাতটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়েছিলেন। কয়েকবার

সংশোধন করার পর ২০১৮ সালে সেটি দেশটির সুপ্রিম কোর্টের অনুমোদন পায়। দ্বিতীয় মেয়াদ শুরুর পরপরই তিনি কঠোর অভিবাসন নীতি বাস্তবায়নের ঘোষণা দেন।

-B